

## জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা

বিষয় : বাংলা

ক সেট

পূর্ণমান – ১০০ সময় – ৩ ঘণ্টা

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

সৃজনশীল অংশ (৪০ নম্বর)

গদ্যাংশ

যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও।

১০ × ২ = ২০

১। বিকেলবেলা বন্ধুদের নিয়ে ফুটবল খেলছিল সাকিব। হঠাৎ তারা দেখে- মাঠের একপ্রান্তে নর্দমায় একটি কুকুরছানা হাবুড়ুবু খাচ্ছে, প্রাণপণ চেষ্টা করছে নর্দমা থেকে উপরে উঠার। সাকিবরা সবাই মিলে ছানাটিকে তুলে পরিষ্কার করে। সাকিব পরম স্নেহে ছানাটিকে একটি শুকনো কাপড়ে জড়িয়ে বাড়িতে নিয়ে আসে। মৃতপ্রায় কুকুরছানাটি যেন প্রাণ ফিরে পায়। সাকিব তার নাম দেয় ডন। কিন্তু বাড়ির কাজের লোক আয়নাল মিয়া ছানাটিকে খেতে দিতে এবং পরিষ্কার করতে ভীষণ বিরক্ত। মাঝে মাঝে তার ইচ্ছে হয়- ছানাটিকে দূরে কোথাও ফেলে দিয়ে আসতে। আজ সাকিব বিশ্ববিদ্যালয়ে পড়ছে, আর ডনকে মনে হয় তাদের পরিবারেরই একজন।

- ক. দেওঘরে বেড়াতে আসা পীড়িতদের মধ্যে কাদের সংখ্যাই বেশি ছিল? ১
- খ. 'আতিথ্যের মর্যাদা লঙ্ঘন' বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ. উদ্দীপকের আয়নালমিয়ার মাধ্যমে 'অতিথির স্মৃতি' গল্পের যে দিকটির ইঙ্গিত দেওয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. 'উদ্দীপকের সাকিব যেন 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের অনুভূতিরই ধারক'- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে শারমিন আলম সর্বত্র মেধার স্বাক্ষর রেখেছেন। বাবা-মা চেয়েছিলেন মেয়ে উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা হোক। কিন্তু লেখাপড়া শেষ করে শারমিন গ্রামের সাধারণ নারীদের নিয়ে ব্যতিক্রমী এক কাজ শুরু করলেন। কিছু নতুন কাপড় আর পুরনো শাড়ি-কাপড় দিয়ে কেবল সুঁই আর সুতার কারুকাজে সৃষ্টি করলেন এক অপূর্ব শিল্প সম্ভার। এই শিল্পই এখন শারমিনের ধ্যান-জ্ঞান। আজ তার অধীনে প্রায় দুই শত নারী কাজ করছেন। দেশে-বিদেশে সমানভাবে কদর তার তৈরী এই শিল্পের। তিনি বলেন – সুঁচের প্রতিটি ফোঁড়ে আমার বাংলা মায়ের সুখ-দুঃখ লুকিয়ে আছে।

- ক. মোগল বাদশাহদের বিলাসের বস্তুটির নাম কি? ১
- খ. লোকশিল্পের কথা স্মরণ করে আমরা গর্ববোধ করি কেন? ২
- গ. উদ্দীপকের শারমিন আলমের পদক্ষেপ 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের যে শিল্পকর্মকে নির্দেশ করে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. শারমিনের শিল্পটি আমাদের লোকশিল্পের একটি খণ্ডাংশ মাত্র- পাঠ্য প্রবন্ধের আলোকে মন্তব্যটির সত্যতা যাচাই কর। ৪

৩। একই অফিসে সমান বেতনে চাকরি করেন জনাব শফিক ও জনাব শাহেদ। অথচ জীবনযাপনে উভয়ের মধ্যে অনেক পার্থক্য। শফিক সাহেব তার উপার্জিত অর্থে সংসার চালান, ছেলে মেয়ের লেখাপড়া, ভরণ-পোষণ এবং বৃদ্ধ মায়ের চিকিৎসা করান। তারপরও সুযোগ পেলে দরিদ্র পথশিশুদের সাহায্য করে তাদের মুখে হাসি ফোটান। কিন্তু শাহেদ সাহেবের এ সকল কাজে সময় নেই। অল্প সময়ে তিনি গাড়ি কিনেছেন, বাড়ি বানিয়েছেন। কদিন আগে মাদক বিরোধী অভিযানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তার বাড়ি থেকে বিপুল পরিমাণ মাদকদ্রব্যসহ তাকে আটক করে।

- ক. 'সুখী মানুষ' নাটিকার কবিরাজের মতে কোনটি খুব কঠিন কাজ? ১
- খ. মোড়লের মৃত্যুর ব্যাপারে রহমত খুব উদ্ভিগ্ন ছিল কেন? ২
- গ. উদ্দীপকের জনাব শাহেদের মধ্যে 'সুখী মানুষ' নাটিকার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের শফিক সাহেব 'সুখী মানুষ' নাটিকার মূলসুরকেই ধারণ করে আছে- মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

## কবিতাংশ

যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও।

১০ × ২ = ২০

৪। ভূমধ্যসাগরের পূর্বপ্রান্তের দেশ ফিলিস্তিন। প্রথম বিশ্বযুদ্ধে মুসলিম খিলাফতের পতনের পর ফিলিস্তিনসহ বেশিরভাগ আরব এলাকা বৃটেন ও ফ্রান্সের অধীনে চলে আসে। ১৯১৭ সালে তৎকালীন বৃটিশ পররাষ্ট্রমন্ত্রী আর্থার জেমস বালফোর ফিলিস্তিনে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার ঘোষণা দেন। সে লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ইহুদিদেরকে ফিলিস্তিনে পুনর্বাসন করা শুরু হয়। আমেরিকা, বৃটেন, ফ্রান্সসহ শক্তিশালী পশ্চিমা বিশ্বের সহায়তায় ১৯৪৮ সালের ১৫মে ফিলিস্তিনের ৫৫শতাংশ ভূমি দখল করে ইসরাইল নামক রাষ্ট্র প্রতিষ্ঠা করা হয়। এরপর শুরু হয় ফিলিস্তিনীদের ওপর ইসরাইলের অমানবিক অত্যাচার-নির্যাতন ও হত্যাযজ্ঞ। ওলাখের বেশি অসহায় ফিলিস্তিনিকে তাদের মাতৃভূমি থেকে বিতাড়িত করা হয়। সেই থেকে আজও ফিলিস্তিনিরা নিজেদের ভূমির অধিকার ফিরে পাবার আশায় রক্তক্ষয়ী লড়াই-সংগ্রাম চালিয়ে আসছে।

- ক. প্রহর কী? ১  
খ. 'খিক খিক ওরে, শত খিক তোরে নিলাজ কুলটা ভূমি'- চরণটির দ্বারা কী বোঝানো হয়েছে? ২  
গ. উদ্দীপকের ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠার মধ্য দিয়ে 'দুই বিঘা জমি' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩  
ঘ. 'দুই বিঘা জমি' কবিতার উপেনকে কি উদ্দীপকের ফিলিস্তিনীদের প্রতিচ্ছবি বলা যায়? তোমার মতামত দাও। ৪

৫। কাঁচা কাঁচা রোদ মাখা সকাল বেলা  
আকাশে ফাসাল আজ আলোর ভেলা।  
গাছে গাছে চিক্ চিক্  
আলো হাসে ফিক ফিক  
চালে চালে ঝিক ঝিক এ কোন্ খেলা  
কাঁচা সোনা রোদ মাখা সকাল বেলা।

- ক. 'আবার আসিব ফিরে. কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১  
খ. 'আমারেই পাবে তুমি ইহাদের ভিড়ে'-চরণটির দ্বারা কী বোঝানো হয়েছে? বুঝিয়ে লেখ। ২  
গ. উদ্দীপকটিতে 'আবার আসিব ফিরে' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩  
ঘ. 'আবার আসিব ফিরে' কবিতায় প্রকাশিত কবির অনুভূতির একটি খণ্ড চিত্র উদ্দীপকে ফুটে উঠেছে-মন্তব্যটির সাথে কি ৪  
তুমি একমত? মতের পক্ষে যুক্তি দাও।

৬। প্রাচীন গ্রীসের মেসিডোনিয়ায় খ্রিস্টপূর্ব ৩৫৬ অব্দে জন্মগ্রহণ করেন ইতিহাসের বহুল আলোচিত এক নাম আলেকজান্ডার দ্যা গ্রেট। বাবা দ্বিতীয় ফিলিপের মৃত্যুর পর মাত্র কুড়ি বছর বয়সে আলেকজান্ডার পিতার স্থলাভিষিক্ত হয়ে মেসিডোনিয়ার সিংহাসনে আরোহন করেন। এরপরই শুরু হয় তাঁর বিশ্ব জয়ের নেশা। একে একে বলকান, এশিয়া মাইনর, সিরিয়া, মিশর, ব্যাবিলন এবং ভারতের পাঞ্জাব সহ বহু সাম্রাজ্য দখল করেন। মাত্র ১৩ বছরের শাসনকালে তিনি পৃথিবীর দ্বিতীয় সর্বোচ্চ সাম্রাজ্য- পারস্য সাম্রাজ্য জয় করেন। তাঁর শাসনকালের অধিকাংশ সময় তিনি উত্তর-পূর্ব আফ্রিকা ও পশ্চিম এশিয়া জুড়ে সামরিক অভিযান পরিচালন করেন। ৩২৩ খ্রিস্টপূর্বাব্দে ব্যাবিলন শহরে তাঁর মৃত্যু হয়।

- ক. রাজপথ থেকে যুবকটিকে উঠিয়ে বাবুর কী বলেছিলেন? ১  
খ. 'বীরভোগ্যা এ বসুধা এ কথা সবাই কয়' - বলতে কী বোঝানো হয়েছে? ২  
গ. উদ্দীপকের আলেকজান্ডার 'বাবুরের মহত্ব' কবিতার সশ্রুট বাবরের সাথে যে দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩  
ঘ. আর কোন বৈশিষ্ট্য থাকলে আলেকজান্ডারকে সশ্রুট বাবরের প্রতিরূপ বলা যেতো বলে তুমি মনে কর। মতের পক্ষে ৪  
যুক্তি দাও।

## নির্মিতি অংশ (৩০ নম্বর)

৭। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও।

৫ × ১ = ৫

ক. সারমর্ম লেখ।

বসুমতি, কেন তুমি এতই কৃপণা?  
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।  
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস –  
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?  
বিনা চাষে শস্য দিলে কি তাহাতে ক্ষতি?  
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতি,  
আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,  
তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।

খ. সারাংশ লেখ।

শ্রমকে শ্রদ্ধার সাথে গ্রহণ কর। কালি-ধূলার মাঝে, রৌদ্র-বৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ায়, পাখার তলে থাকবার কোনো দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের ভিতর কুবুদ্ধি, কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরের সামর্থ্য জন্মে। স্বাস্থ্য, শক্তি, আনন্দ-স্বফূর্তি সকলই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয় তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার প্রয়োজন হয় না। শুধু চিন্তা করে মানুষ পূর্ণ জ্ঞান লাভ করতে সমর্থ হয় না। মানব সমাজে মানুষের সাথে কাজে, রাস্তায়, কারখানায়, মানুষের সঙ্গে ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে।

৮। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও।

৫ × ১ = ৫

ভাবসম্প্রসারণ কর :

ক. স্বাধীনতা অর্জনের চেয়ে, স্বাধীনতা রক্ষা করা কঠিন

খ. আলো বলে, “অন্ধকার, তুই বড় কালো”

অন্ধকার বলে, “ভাই, তাই তুমি আলো।”

৯। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও।

৫ × ১ = ৫

ক. মনে কর, তোমার নাম রোমানা আর তোমার বাবুবীর নাম সোহানা। তুমি গ্রামে থাক আর সে থাকেশহরে। এবার শীতের ছুটিতে গ্রামে বেড়াতে এসে পিঠা খাওয়ার আমন্ত্রণ জানিয়ে তাকে একটি পত্র লেখ।

খ. মনে কর, তুমি ফুলতলা আদর্শ উচ্চ বিদ্যালয়, নরসিংদী এর অষ্টম শ্রেণির একজন ছাত্র। প্রচণ্ডমাথাব্যথার কারণে চতুর্থ ঘণ্টার পর ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখ।

১০। যে কোনো ১টি বিষয়ে প্রবন্ধ রচনা কর।

১৫ × ১ = ১৫

ক. নিয়মানুবর্তিতা

খ. আমার স্বপ্নের বিদ্যালয়

গ. পরিবেশ দূষণ ও তার প্রতিকার

## বহুনির্বাচনি প্রশ্ন(৩০ নম্বর)

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রত্যেক প্রশ্নের মান ১। সকাল প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১। সবচেয়ে ভোরে ওঠে কোন পাখি?  
ক. শ্যামা  
খ. বুলবুলি  
গ. শালিক  
ঘ. দোয়েল
- ২। অঞ্চল ও কালভেদে কোন ভাষারীতির পরিবর্তন হয় না?  
ক. সাধু ভাষা  
খ. চলিত ভাষা  
গ. আঞ্চলিক ভাষা  
ঘ. প্রমিত ভাষা
- ৩। জলাঙ্গীর চেউয়ে ভেজা বাংলা বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ?  
ক. জল অঙ্গ  
খ. নদীমাতৃক বাংলাদেশ  
গ. বন্যা কবলিত বাংলাদেশ  
ঘ. বঙ্গোপোসাগরের উপকূলে বাংলাদেশ অবস্থিত
- ৪। শব্দের শেষে স্বরবর্ণের পূর্ণরূপ বসেছে কোনটিতে?  
ক. বই  
খ. বাউল  
গ. অনেক  
ঘ. এক
- ৫। নিচের কোনটি প্রায়লুপ্ত লোকশিল্পের প্রতিনিধিত্ব করে?  
ক. জামদানি শাড়ি  
খ. নকশিকাঁথা  
গ. খাদি কাপড়  
ঘ. বেতশিল্প
- ৬। শব্দের শেষে 'আ' প্রত্যয় যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?  
ক. পুস্তিকা  
খ. সরলা  
গ. গায়িকা  
ঘ. নাটিকা
- ৭। 'একুশের গান' কবিতায় কাদেরকে 'পশু' বলা হয়েছে?  
ক. গুলি বর্ষণকারীদের  
খ. পাকিস্তানি সৈন্যদের  
গ. জালিমদের  
ঘ. ঘাতকদের
- ৮। জনৈক শব্দটি সন্ধির কোন নিয়মে পড়ে।  
ক. আ+এ  
খ. আ+ঐ  
গ. অ+ঐ  
ঘ. অ+এ
- ৯। 'তৈল চিত্রের ভূত' গল্পের নগেনের মাঝে অভাব রয়েছে-  
ক. বাস্তব বুদ্ধির  
খ. বিষয় জ্ঞানের  
গ. বৈজ্ঞানিক মানসিকতার  
ঘ. বিচার ক্ষমতার
- ১০। নাম শব্দের পরে আ-প্রত্যয়যোগে কোন ধাতু গঠিত হয় ?  
ক. সাধিত ধাতু  
খ. বাংলা ধাতু  
গ. সংস্কৃত ধাতু  
ঘ. মৌলিক ধাতু
- ১১। 'আরে এ যে মেথরের ছেলে'- কথাটি কে বলেছিল?  
ক. রণবীর চৌহান  
খ. বিদেশি পুরুষ  
গ. একজন  
ঘ. সংগ্রাম সিং
- ১২। পাখি শব্দের সমার্থক শব্দ কোনটি ?  
ক. নভ  
খ. খগ  
গ. অহি  
ঘ. বিজুরি



নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও।

প্রীতিলতা ওয়াদ্দের ইউরোপিয়ান ক্লাবে সফল আক্রমণ শেষে ফিরে যাচ্ছিলেন। ঘাতকের গুলিতে আহত হলে তিনি আত্মহত্যা করেন। প্রীতিলতাদের অবদানে এক সময় ব্রিটিশ শাসন থেকে স্বাধীন হয় এ দেশ।

২২। উদ্দীপকের ভাবের প্রতিফলন দেখা যায় নিচের কোন বাক্যে?

- ক. কত নারী দিল সিঁথির সিঁদুর লেখা নাই তার পাশে  
খ. বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি  
গ. কোন কালে একা হয়নিকো জয়ী পুরুষের তরবারি  
ঘ. প্রেরণা দিয়েছে, শক্তি দিয়েছে বিজয়-লক্ষ্মী নারী

২৩। উক্ত বাক্যে প্রতিফলিত দিকটি হলো-

- i. নারীর মর্যাদা  
ii. নারীর অবদান  
iii. নারীর অধিকার

নিচের কোনটি সঠিক?

- ক. i  
খ. i ও ii  
গ. i ও iii  
ঘ. i, ii ও iii

২৪। কোন জাতীয় শব্দে ‘ষ’ ব্যবহৃত হয় না?

- ক. দেশি  
খ. তৎসম  
গ. তদ্ভব  
ঘ. অর্ধতৎসম

২৫। ‘সুখী মানুষ’ নাটিকার আলোকে প্রকৃত সুখী মানুষ কে?

- ক. অনেক সম্পদের মালিক  
খ. ব্যাপক ক্ষমতার অধিকারী  
গ. আত্মিকভাবে তৃপ্ত ব্যক্তি  
ঘ. সাধারণ জীবনাচারী

২৬। শব্দের প্রাণ - নিচের কোনটি?

- ক. বর্ণ  
খ. ধ্বনি  
গ. অর্থ  
ঘ. অক্ষর

২৭। ‘লুঙ্গি, শার্ট ও বর্মি কোর্ট, মাথার বর্মি টুপি, পায়ে দুই ফিটের মজবুত স্যাডেল বর্মিদের জাতীয় পোশাক। উক্ত বাক্যে ফুটে ওঠা দিকটি হলো-

- i. বর্মিদের ঐতিহ্য  
ii. বর্মিদের সংস্কৃতি  
iii. বর্মিদের পোশাকের বর্ণনা

নিচের কোনটি সঠিক?

- ক. i  
খ. i ও ii  
গ. i ও iii  
ঘ. i, ii ও iii

২৮। নিচের কোন বানানটি শুদ্ধ?

- ক. খ্রিষ্টাব্দ  
খ. দেশী  
গ. লাইব্রেরী  
ঘ. তরুণি

২৯। কোন ঋতুতে নবান্ন উৎসব হয়?

- ক. গ্রীষ্ম  
খ. বর্ষা  
গ. শরৎ  
ঘ. হেমন্ত

৩০। ভাষায় এমন কিছু শব্দ বা বাক্যাংশ থাকে, যা সাধারণ অর্থের বাইরে বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে-এসব শব্দ বা বাক্যাংশকে কী বলে?

- ক. সমার্থক শব্দ  
খ. প্রবচন  
গ. বাগধারা  
ঘ. খনার বচন